কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নতুন পাঠক্রম (NEP2020, Under CCF) অনুসারে স্নাতক স্তরে 1st Semester -এর CVAC কোর্সের জন্য

Under CCF
NEW
Syllabus

Semester - 1

# প্রশ্নোত্তরে CVAC

## সাংবিধানিক মূল্যবোধ এবং মৌলিক কর্তব্য

[Constitutional Values and Fundamentals Duties]



কমল হালদার

দেবকুমার হালদার

Edubitan

100% Common

ডিজিটাল সংস্করণ (eBook)

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নতুন পাঠক্রম (Under CCF) অনুসারে স্নাতক স্তরে 1st Semester –এর CVAC কোর্সের জন্য

Under CCF

NEW Syllabus

# প্রশ্নোত্তরে CVAC

## সাংবিধানিক মূল্যবোধ এবং মৌলিক কর্তব্য

[Constitutional Values and Fundamentals Duties]

**Semester - 1 (Major, MDC & Minor)**


কমল হালদার

B.A Political Science (Hons.), M.A. Political Science,
State Aided College Teacher, Dept. of Political Science
Dhruba Chand Halder College





দেবকুমার হালদার

M.A. in Education, B.Ed.,
M.Phil in Education (University of Calcutta)



Edubitan

ডিজিটাল সংস্করণ (eBook)

Prshnottare Sangbidhanik Mulyobodh Ebong Moulik Kartabya – CVAC

(প্রশ্নোত্তরে সাংবিধানিক মূল্যবোধ এবং মৌলিক কর্তব্য)

✦ ISBN - 978-93-344-5021-7

© by Author

লেখক ও সম্পাদকের লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনো অংশের কোনো ধরনের প্রতিলিপি বা পুনরুৎপাদন করা যাবে না। এই বইটির পিডিএফ কোনো ব্যক্তি অন্য কোনো ব্যক্তিকে দিতে পারবেন না বা শেয়ার করতে পারবেন না এবং বইটির ক্রেতার ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য। এই শর্ত অমান্য করা হলে উপযুক্ত আইনি ব্যবস্থা নেওয়া হবে।

✪ গ্রন্থস্বত্ব - লেখক

✤ প্রথম প্রকাশ -
অক্টোবর, ২০২৫



মূল্য ₹ 80.00
(আশি টাকা মাত্র)

# ভূ মি কা –

বর্তমানে জাতীয় শিক্ষানীতি 2020 (NEP 2020) অনুসারে শিক্ষাব্যবস্থায় আমূল পরিবর্তন সূচিত হয়েছে। এর ভিত্তিতে 2023-2024 শিক্ষাবর্ষ থেকে স্নাতক (UG) স্তরের পাঠক্রম নতুনভাবে সুসজ্জিত হয়েছে। শিক্ষার্থীদের ভবিষ্যৎ চাহিদার দিকটি বিবেচনা করে আমরা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নতুন পাঠক্রম (Under CCF) অনুসারে স্নাতক স্তরে *CVAC-1.2 - Common Value Added Course* - 1st Semester (Major, MDC & Minor) কম্পালসরি বা আবশ্যিক কোর্সের জন্য অন্তর্ভুক্ত **'প্রশ্নোত্তরে সাংবিধানিক মূল্যবোধ এবং মৌলিক কর্তব্য'** (Constitutional Values and Fundamental Duties) নামক পুস্তকটি রচনা করেছি।

শিক্ষার্থীদের গ্রহণযোগ্যতা ও সামর্থ্যের উপর গুরুত্ব আরোপ করে নতুন প্রশ্নরীতি অনুসারে পুস্তকটিতে সহজ সরল ভাষায় প্রতিটি অধ্যায় সুবিন্যস্ত ও সুসংবদ্ধভাবে বিভিন্ন প্রশ্ন ও উত্তর আলোচনা করা হয়েছে। আমরা আশাবাদী যে, এই পুস্তকটি সকল শিক্ষার্থী, শিক্ষানুরাগী ব্যক্তিবর্গ ও পাঠকগণের কাছে বিষয়বস্তু অনুধাবনে সহজবদ্ধ হবে।

শিক্ষাক্ষেত্রে একাধিক শিক্ষার্থী, শিক্ষানুরাগী ব্যক্তি, সম্মানীয় অধ্যাপক, সহকর্মী ও অন্যান্য শুভানুধ্যায়ী ব্যক্তিগণ এই পুস্তকটি রচনার ক্ষেত্রে সবসময় উৎসাহ দান ও অনুপ্রেরণা দিয়েছেন তাঁদেরকে আমরা আন্তরিক কৃতজ্ঞতা জানাই। সবশেষে আমাদের সেই প্রিয় ছাত্রছাত্রী, যাদের উদ্দেশ্যে এই আন্তরিক ও সৎ প্রচেষ্টা, তারা যদি এই বই থেকে কোনোরকম উপকৃত হয়, তাহলেই আমাদের লেখনী সার্থক হয়েছে বলে মনে করব। বইটির আরও শ্রীবৃদ্ধি ঘটানোর জন্য সকলের সুচিন্তিত ও গঠনমূলক মতামত আমাদের কাছে সাদরে গ্রহণযোগ্য।

ধন্যবাদান্তে,

অক্টোবর, ২০২৫

কমল হালদার

দেবকুমার হালদার

# কলিকাতা বিশ্ববিদ্যালয়

সাম্মানিক (অর্নাস/মেজর) ও

সাধারণ (জেনারেল/মাইনর)-স্নাতক

CVAC-1.2 - **Common Value Added Course**

প্রথম সেমিস্টার (কম্পালসরি পেপার)

নতুন সিলেবাস (Under CCF)

| Constitutional Values and Fundamental Duties |
| --- |
| Module - 1<br>➢ The Constitution of India and Constitutionalism. Constitutional Values- Justice, Liberty, Equality, Fraternity<br>➢ Fundamental Rights; Rule of Law; Separation of Powers<br>➢ Sovereignty, Socialism, Secularism, Democracy, Republic |
| Module - 2<br>➢ Fundamental Duties: Emergence; Value and Significance<br>➢ Article 51[A]: Enumerated Duties<br>➢ 6. Legal Status of Fundamental Duties and Limitations |

Edubitan

# কলিকাতা বিশ্ববিদ্যালয়

সাম্মানিক (অর্নাস/মেজর) ও
সাধারণ (জেনারেল/মাইনর)-স্নাতক

Course – CVAC-1.2

প্রথম সেমিস্টার (কম্পালসরি পেপার)

## পরীক্ষার প্রশ্নপত্রের মার্কস বিন্যাস

| সর্বমোট – ৫০ নম্বর লিখিত | |
|---|---|
| মডিউল ১. দুটি রচনাধর্মী প্রশ্ন থাকবে - যে-কেনো একটি প্রশ্নের উত্তর লিখতে হবে। | প্রতিটি প্রশ্নের মান – ২৫ |
| মডিউল ২. দুটি রচনাধর্মী প্রশ্ন থাকবে- যে-কেনো একটি প্রশ্নের উত্তর লিখতে হবে। | প্রতিটি প্রশ্নের মান – ২৫ |

**Note - ২৫ নম্বরের বড় প্রশ্নের মধ্যে ৫ নম্বরের একাধিক প্রশ্ন থাকতে পারে।
যেমন – ৫+৫+৫+১০ = ২৫ অথবা, ৫+৫+১৫ = ২৫

Edubitan

# সূচিপত্র


| | |
|---|---|
| **মডিউল - ১** | |
| ✤ (i) ভারতের সংবিধান এবং সংবিধানবাদ,<br>(ii) সংবিধানিক মূল্যবোধ – ন্যায় (Justice), স্বাধীনতা (Liberty), সমতা (Equality)<br>✤ মৌলিক অধিকারসমূহ (Fundamental Right), আইনের অনুশাসন (Rule of Law) ও ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতি (Separation of Powers)<br>✤ সার্বভৌমত্ব (Sovereignty), সমাজতন্ত্র (Socialism), ধর্মনিরপেক্ষতা (Secularism), গণতন্ত্র (Democracy) ও সাধারণতন্ত্র (Republic). | ৬-৩৩ |
| **মডিউল – ২** | |
| ✤ মৌলিক কর্তব্য – উত্থান, মূল্য এবং তাৎপর্য (Fundamental Duties – Emergence, Value & Significance)<br>✤ অনুচ্ছেদ ৫১ (ক) – সংবিধানের বর্ণিত মৌলিক কর্তব্যসমূহ (Article 51[A] – Enumerated Duties)<br>✤ মৌলিক কর্তব্যের আইনগত অবস্থা এবং সীমাবদ্ধতা (Legal Status of Fundamental Duties and Limitation) | ৩৪-৪৮ |
| বিশ্ববিদ্যালয়ের প্রশ্নপত্র (University Question) | ৫০ |


Edubitan

# সাংবিধানিক মূল্যবোধ এবং মৌলিক কর্তব্য
## (Constitutional Values and Fundamental Duties)

Edubitan

# মডিউল – ১

রচনাধর্মী প্রশ্নোত্তর প্রতিটি প্রশ্নের মান – 25

**(ক). যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও (৪০০ শব্দের মধ্যে)**

**প্রশ্ন – ১** ভারতীয় সংবিধানের প্রস্তাবনাটি লেখো। (Write the Preamble to the Indian Constitution.)

✪ **উত্তর** – ১৯৪৯ সালের ২৬ শে নভেম্বর ভারতীয় সংবিধান লিপিবদ্ধ ও গৃহীত হয়। ১৯৫০ সালের ২৬শে জানুয়ারি যখন ভারতীয় সংবিধান কার্যকরী হয়, তখন ভারতীয় সংবিধানের প্রস্তাবনা উল্লেখ করা হয়। সংবিধানের প্রস্তাবনা বলতে মুখবন্ধকে বোঝানো হয়। ভারতীয় সংবিধানের এই প্রস্তাবনায় ভারতবর্ষকে বর্ণনা করা হয়। অর্থাৎ ভারতবর্ষ কিরূপ প্রকৃতির তা সংবিধানের প্রস্তাবনায় উল্লেখিত আছে।

✦✦ **ভারতীয় সংবিধানের প্রস্তাবনা (Preamble to Indian Constitution)** - ভারতীয় সংবিধানের প্রস্তাবনাটি মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধানের অনুসরণ করে রচিত হয়েছে। ভারতের সংবিধানের প্রস্তাবনাকে সংবিধানের আত্মা বলে মনে করা হয়। ১৯৫০ সালে ২৬শে জানুয়ারি ভারতের সংবিধান যখন কার্যকরী হয়, তখন সংবিধানের প্রস্তাবনয় সার্বভৌম, গণতান্ত্রিক ও প্রজাতন্ত্র কথাটি উল্লেখ করা হয়েছিল।

পরবর্তীকালে ১৯৭৬ সালের ৪২ তম সংবিধান সংশোধনীর মাধ্যমে সমাজতান্ত্রিক, ধর্মনিরপেক্ষ এবং জাতীয় ঐক্য ও সংহতি কথাগুলি যুক্ত করা হয়। তাছাড়া আজ পর্যন্ত সংবিধানের প্রস্তাবনাটি মাত্র একবার সংশোধন করা হয়েছিল।

✤ **ভারতীয় সংবিধানের প্রস্তাবনায় বলা হয়েছে -**

*"আমরা, ভারতের জনগণ, ভারতকে একটি সার্বভৌম, সমাজতান্ত্রিক, ধর্মনিরপেক্ষ, গণতান্ত্রিক, সাধারণতন্ত্র রূপে গড়ে তুলতে এবং এর সকল নাগরিক যাতে: সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক ন্যায়বিচার, চিন্তার, অভিব্যক্তির, বিশ্বাসের, ধর্মের ও উপাসনার স্বাধীনতা; প্রতিষ্ঠাও সুযোগের সমতা নিশ্চিতভাবে লাভ করেন; এবং তাদের সকলের মধ্যে ব্যক্তি মর্যাদা এবং জাতীয় ঐক্য সুনিশ্চিত করার জন্য যাতে সৌভ্রাতৃত্বের ভাব গড়ে ওঠে; তার জন্য সত্যনিষ্ঠার সঙ্গে সংকল্প করে আমাদের সংবিধান সভায় আজ, ২৬ শে নভেম্বর, ১৯৪৯ তারিখে, এত দ্বারা এই সংবিধান, গ্রহণ করছি, বিধিবদ্ধ করছি এবং নিজেদের অর্পণ করছি"।*

সর্বোপরি, সংবিধানের প্রস্তাবনা ভারতীয় সংবিধানের আত্মা এবং প্রাণ। এটি সমগ্র ভারতবাসীর বিশেষভাবে অনুসরণ করে থাকেন। তাই ভারতীয় সংবিধানের প্রস্তাবনার মাধ্যমে সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক, মত প্রকাশ, ধর্ম, বিশ্বাস, সামাজিক প্রতিষ্ঠা অর্জন, সমসুযোগ, জাতীয় ঐক্য সংহতি স্থাপনের মাধ্যমে ভারতবর্ষ তার মহান আদর্শকে তুলে ধরে।

**প্রশ্ন – 8 ভারতীয় সংবিধানের মৌলিক অধিকারগুলি আলোচনা করো। (Discuss the Fundamental Rights of the Indian Constitution.)**

✪ উত্তর – মৌলিক অধিকার সংবিধান কর্তৃক সংরক্ষিত এবং লিপিবদ্ধ কতকগুলি মানব অধিকারকে বোঝায়। এই অধিকারগুলি নাগরিকদের মৌলিক স্বাধীনতা ও সম্মান নিশ্চিত করে এবং তাদেরকে একটি মর্যাদাপূর্ণ জীবনযাপন করার সুযোগ করে দেয়। রাষ্ট্র এই অধিকার লঙ্ঘন করতে পারে না।

ভারতীয় সংবিধানের মৌলিক অধিকারের উৎস হল আমেরিকা যুক্তরাষ্ট্রের সংবিধান। ভারতীয় সংবিধানের পরিচ্ছেদ বা পার্ট – III (Part-III)-র অন্তর্গত 12 থেকে 35 নম্বর ধারা পর্যন্ত মৌলিক অধিকারের বিষয় উল্লেখ করা হয়েছে।

## ✦✦ মৌলিক অধিকারসমূহ (Fundamental Rights)

ভারতীয় সংবিধান 1950 সালের 26শে জানুয়ারি যখন কার্যকরী হয়, তখন ভারতীয় সংবিধানে ভারতীয় নাগরিকদের জন্য মৌলিক অধিকারের সংখ্যা 7টি ছিল। কিন্তু পরবর্তীকালে 1978 সালের 44তম সংবিধান সংশোধনের মাধ্যমে ‘সম্পত্তির অধিকার’ (Right to Property)-কে ভারতীয় সংবিধানের মৌলিক অধিকার থেকে বাদ দেওয়া হয়েছে। ফলে বর্তমানে ভারতের সংবিধানের মৌলিক অধিকারের সংখ্যা হল 6টি।

আবার, 2002 সালের 86তম সংবিধান সংশোধনের মাধ্যমে 21(A) নম্বর ধারায় ‘শিক্ষার অধিকার’ (Right to Education)-কে মৌলিক অধিকার হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। বর্তমানে ভারতীয় সংবিধানে মোট ছয়টি প্রধান মৌলিক অধিকার উল্লেখ আছে, সেগুলি হল –

Edubitan

| পার্ট বা অংশ – III, অনুচ্ছেদ বা ধারা 12-35 (Part – III, Article 12-35) | |
|---|---|
| **মৌলিক অধিকারসমূহ (Fundamental Rights)** | **ধারা বা অনুচ্ছেদ (Article)** |
| সমতার অধিকার (Right to Equality) | 14-18 নং ধারা (Articles 14-18) |
| স্বাধীনতার অধিকার (Right to Freedom) | 19-22 নং ধারা (Articles 19-22) |
| শোষণের বিরুদ্ধে অধিকার (Right Against Exploitation) | 23-24 নং ধারা (Articles 23-24) |
| ধর্মীয় স্বাধীনতার অধিকার (Right to Freedom of Religion) | 25-28 নং ধারা (Articles 25-28) |
| সংস্কৃতি ও শিক্ষাগত অধিকার (Cultural & Educational Rights) | 29-30 নং ধারা (Articles 29-30) |
| সাংবিধানিক প্রতিবিধানের অধিকার (Right to Constitutional Remedies) | 32 ও 226 নং ধারা (Articles 32 and 226) |

⟶ এখানে প্রতিটি অধিকার নিম্নে বিস্তারিতভাবে ব্যাখ্যা করা হল –

**প্রশ্ন – ৯** ভারতীয় সংবিধানের প্রস্তাবনায় উল্লিখিত 'সার্বভৌমিকতা' ও 'ধর্মনিরপেক্ষতা' শব্দ দুটির অর্থ ও তাৎপর্য ব্যাখ্যা করো। (Explain the meaning and significance of the two words 'Sovereignty' and 'Secularism' as mentioned in the Preamble to the Constitution of India.) (১০+১৫) CU 23,

✪ **উত্তর** – ভারতীয় সংবিধানের প্রস্তাবনা হলো সংবিধানের দর্শন ও ভিত্তি। ভারতের সংবিধানের প্রস্তাবনা (Preamble) জাতির আত্মা হিসেবে বিবেচিত। এটি রাষ্ট্রের মূলনীতি, উদ্দেশ্য ও আদর্শকে প্রকাশ করে। ১৯৫০ সালের ২৬ জানুয়ারি কার্যকর হওয়া সংবিধানের প্রস্তাবনা ভারতকে "সার্বভৌম সমাজতান্ত্রিক ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক প্রজাতন্ত্র" হিসেবে ঘোষণা করে। এই প্রস্তাবনায় উল্লিখিত প্রতিটি শব্দই ভারতীয় রাষ্ট্রের চরিত্র এবং এর উদ্দেশ্যকে তুলে ধরে। 'সার্বভৌমিকতা' (Sovereign) এবং 'ধর্মনিরপেক্ষতা' (Secular) এই দুটি শব্দ ভারতীয় রাষ্ট্রব্যবস্থার অপরিহার্য স্তম্ভ। এখানে শব্দ দুটির অর্থ ও তাৎপর্য ব্যাখ্যা করা হল -

✦ ✦ **সার্বভৌমিকতা (Sovereignty)** - ভারতীয় প্রস্তাবনার শুরুতেই ভারতকে একটি "সার্বভৌম, সমাজতান্ত্রিক, ধর্মনিরপেক্ষ, গণতান্ত্রিক, সাধারণতন্ত্র" হিসেবে ঘোষণা করা হয়েছে।

➢ **অর্থ (Meaning)** - সার্বভৌমিকতা হল রাষ্ট্রের চূড়ান্ত ও সর্বোচ্চ ক্ষমতা। সার্বভৌমিকতা শব্দটি এসেছে ল্যাটিন শব্দ "Superanus" থেকে, যার অর্থ "সর্বোচ্চ ক্ষমতা"। ভারতের সংবিধানে "We, the people of India..." দিয়ে যে সূচনা করা হয়েছে, তা নির্দেশ করে যে ভারতের সার্বভৌমিক ক্ষমতা জনগণের হাতে নিহিত। অর্থাৎ, ভারতের কোনো বাইরের শক্তি বা অন্য রাষ্ট্রের অধীনতা নেই; ভারত নিজেই নিজের ভাগ্য নির্ধারণের অধিকার রাখে।একটি রাষ্ট্র তখনই সার্বভৌম, যখন সেটি অভ্যন্তরীণ ও বাহ্যিক উভয় ক্ষেত্রেই স্বাধীন।

- **অভ্যন্তরীণ সার্বভৌমত্ব (Internal Sovereignty):** এর অর্থ হল দেশের অভ্যন্তরে রাষ্ট্রই হলো সকল ক্ষমতার উৎস এবং সর্বোচ্চ আইন প্রণয়নকারী কর্তৃপক্ষ। দেশের কোনো ব্যক্তি, গোষ্ঠী বা প্রতিষ্ঠান রাষ্ট্রের আইনের ঊর্ধ্বে নয়। ভারতীয় সংবিধানের প্রস্তাবনা অনুযায়ী, এই সার্বভৌম ক্ষমতার উৎস হলো "আমরা, ভারতের জনগণ" (We, the People of India)। জনগণ ভোট দিয়ে সরকার গঠন করে এবং সেই সরকার জনগণের নামে ক্ষমতা প্রয়োগ করে।
- **বাহ্যিক সার্বভৌমত্ব (External Sovereignty):** এর অর্থ হল আন্তর্জাতিক ক্ষেত্রে ভারত সম্পূর্ণ স্বাধীন। এটি অন্য কোনো বিদেশী শক্তি বা রাষ্ট্রের দ্বারা নিয়ন্ত্রিত নয়। ভারত স্বাধীনভাবে তার বৈদেশিক নীতি, আন্তর্জাতিক চুক্তি এবং জোটের বিষয়ে সিদ্ধান্ত নিতে পারে। ১৯৪৭ সালে ব্রিটিশ সাম্রাজ্য থেকে স্বাধীনতা লাভের পর ভারত এই বাহ্যিক সার্বভৌমত্ব অর্জন করে। কমনওয়েলথের সদস্য হওয়া সত্ত্বেও ভারতের এই সার্বভৌমত্বের কোনো পরিবর্তন হয় না, কারণ এই সদস্যপদ স্বেচ্ছামূলক।

➢ **তাৎপর্য (Significance) -**

- **ক্ষমতার ভিত্তি:** সার্বভৌমিকতা ভারতীয় প্রজাতন্ত্রের ক্ষমতার মূল ভিত্তি। এর মাধ্যমেই কেন্দ্রীয় ও রাজ্য সরকারগুলি আইন তৈরি ও শাসন পরিচালনার অধিকার লাভ করে।

# মডিউল – ২

রচনাধর্মী প্রশ্নোত্তর - প্রতিটি প্রশ্নের মান – ২৫

## (খ). যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও (৪০০ শব্দের মধ্যে)

**প্রশ্ন – ১ ভারতের সংবিধানে উল্লিখিত মৌলিক কর্তব্যের সংখ্যা কয়টি ও কী কী? এগুলির তাৎপর্য নিরূপণ করো।** (How many Fundamental Duties are in the Indian Constitution and what are those? Determine their significance.) ১০+১৫

✪ উত্তর – **ভারতের সংবিধানে উল্লিখিত মৌলিক কর্তব্য** -

ভারতীয় সংবিধানে মৌলিক অধিকারের পাশাপাশি মৌলিক কর্তব্য বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়। চীন, জাপান, ইতালি, সোভিয়েত রাশিয়া প্রভৃতি দেশগুলির মত সংবিধানে ভারতীয় নাগরিকদের মৌলিক কর্তব্যের বিষয়টি বিশেষভাবে উল্লেখিত হয়েছে।

Edubitan

### ✦✦ মৌলিক কর্তব্যের উত্থান –

মৌলিক কর্তব্যের ধারণা সোভিয়েত রাশিয়ার সংবিধান থেকে গৃহীত হয়েছে। ভারতীয় সংবিধান রচনার সময় মৌলিক কর্তব্যের কথা উল্লেখিত ছিল না। ১৯৭৬ সালে ৪২ তম সংবিধান সংশোধনীর মাধ্যমে মৌলিক কর্তব্য [পার্ট - IV (A), অনুচ্ছেদ 51 (A)] অন্তর্ভুক্ত হয়।

১৯৭৬ সালে ৪২ তম সংবিধান সংশোধনীর মাধ্যমে মৌলিক কর্তব্যের ধারণা ভারতীয় সংবিধানে অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রথমে ভারতের সংবিধানে মৌলিক কর্তব্যের সংখ্যা ছিল দশটি। ২০০২ সালের ৮৬ তম সংবিধান সংশোধনের মাধ্যমে আরো একটি কর্তব্য অন্তর্ভুক্ত করা হয়।

বর্তমানে ভারতীয় নাগরিকদের মৌলিক কর্তব্য সংখ্যা ১১ টি। মৌলিক কর্তব্যগুলি পালন না করা আইনতো দন্ডনীয় নয়। অর্থাৎ কেউ যদি মৌলিক কর্তব্য গুলি পালন না করে তাহলে আইন অনুযায়ী তাকে দন্ড দেওয়া হয় না বা এটি দণ্ডনীয় অপরাধ নয়।

### ✦✦ মৌলিক কর্তব্যের তালিকা –

ভারতীয় সংবিধানে ভারতীয় নাগরিকদের মৌলিক কর্তব্য মোট 11 টির তালিকা নিম্নে উল্লেখ করা হল -

1. সংবিধানকে মান্য করতে হবে এবং সংবিধানের আদর্শ, প্রতিষ্ঠানসমূহ, জাতীয় পতাকা ও জাতীয় সংগীতের প্রতি শ্রদ্ধা জানাতে হবে।

✻✻✻✻✻✻✻✻✻✻✻✻✻ Official Website – store.edubitan.com ✻✻✻✻✻✻✻✻✻✻✻✻✻✻✻

**প্রশ্ন – ৪** ভারতের সংবিধানে মৌলিক দায়িত্ব বা কর্তব্য উদ্ভবের প্রেক্ষাপট আলোচনা করো। এ প্রসঙ্গে মৌলিক দায়িত্বের মূল্য ও তাৎপর্য বিশ্লেষণ করো। (Discuss the backdrop of the emergence of Fundamental Duties in the Indian Constitution. Analyse in this context the value and significance of the Fundamental Duties.) ১০+১৫

✪ উত্তর – ✦✦ মৌলিক কর্তব্যের উদ্ভবের প্রেক্ষাপট (Backdrop of the Emergence of Fundamental Duties) –

✤ **স্বাধীনোত্তর ভারতের নাগরিক আচরণে ভারসাম্যহীনতা (Post-Independence Imbalance in Civic Behaviour):** সংবিধান প্রণীত হওয়ার পর ভারতীয় নাগরিকরা মৌলিক অধিকার সম্পর্কে সচেতন হলেও কর্তব্য সম্পর্কে উদাসীন হয়ে পড়েছিল। সমাজে শৃঙ্খলার অভাব, দায়িত্বহীনতা ও নাগরিক অবক্ষয় বৃদ্ধি পায়। এই অবস্থার সংশোধনের প্রয়োজনেই মৌলিক কর্তব্য সংযোজনের ভাবনা আসে।

✤ **১৯৭৫ সালের জরুরি অবস্থা (The Emergency Period of 1975):** জরুরি অবস্থার (Emergency) সময় জাতীয় শৃঙ্খলা ও নাগরিক দায়িত্ব নিয়ে প্রশ্ন ওঠে। দেশজুড়ে রাজনৈতিক অস্থিরতা ও নাগরিকদের কর্তব্য অবহেলা প্রশাসনকে ভাবিয়ে তোলে। এই পরিস্থিতি মৌলিক কর্তব্য সংযোজনের প্রয়োজনীয়তা সামনে আনে।

✤ **শরন সিং কমিটির গঠন (Formation of Sardar Swaran Singh Committee, 1976):** ইন্দিরা গান্ধীর সরকার নাগরিকদের নৈতিক দায়িত্ব সম্পর্কে পরামর্শ নিতে ১৯৭৬ সালে শরন সিং কমিটি গঠন করে। কমিটি প্রস্তাব দেয় যে নাগরিকদের কিছু মৌলিক কর্তব্য সংবিধানে অন্তর্ভুক্ত করা উচিত, যাতে অধিকারের সঙ্গে দায়িত্বের ভারসাম্য রক্ষা পায়।

Edubitan

✤ **৪২তম সংবিধান সংশোধন আইন, ১৯৭৬ (42nd Amendment Act, 1976):** কমিটির পরামর্শ অনুযায়ী ১৯৭৬ সালে সংবিধানের Part IV-A সংযোজন করে Article 51-A অন্তর্ভুক্ত করা হয়। এর মাধ্যমে প্রথমে ১০টি মৌলিক কর্তব্য যুক্ত হয়, পরে ২০০২ সালের ৮৬তম সংশোধনে একটি নতুন কর্তব্য যোগ হয়, যা শিক্ষার সঙ্গে সম্পর্কিত।

✤ **সমাজতান্ত্রিক ও জাতীয়তাবাদী আদর্শের প্রভাব (Influence of Socialist and Nationalist Ideals):** সেই সময় ভারত সমাজতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার দিকে অগ্রসর হচ্ছিল। সমাজতন্ত্র ব্যক্তিগত স্বার্থের চেয়ে সামাজিক দায়িত্বকে গুরুত্ব দেয়। তাই সংবিধানে মৌলিক কর্তব্য যুক্ত করা হয় জাতীয়তাবাদ, ঐক্য ও সামাজিক ন্যায়বোধ জাগাতে।

✤ **বিদেশি সংবিধান থেকে অনুপ্রেরণা (Inspired by Other Constitutions):** রাশিয়া (সাবেক ইউ.এস.এস.আর), জাপান ও চিনের সংবিধানে নাগরিক কর্তব্যের ধারা ছিল। ভারতও সেই অনুপ্রেরণায় নাগরিক দায়িত্বের আইনগত দিকটি সংবিধানে অন্তর্ভুক্ত করে।

✤ **জাতীয় ঐক্য রক্ষার প্রয়াস (Effort to Promote National Integration):** ১৯৭০-এর দশকে আঞ্চলিকতা ও ভাষাগত বিভেদ বৃদ্ধি পেয়েছিল। তাই জাতীয় ঐক্য ও অখণ্ডতা বজায় রাখতে নাগরিক কর্তব্যকে আইনি স্বীকৃতি দেওয়া হয়।

# 2024

## CONSTITUTIONAL VALUES AND FUNDAMENTAL DUTIES

Paper : CVAC-1.2

Full Marks : 50

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

### মডিউল - ১

**১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও (৪০০ শব্দের মধ্যে): ২৫×১**

(ক) ভারতীয় সংবিধানে উল্লিখিত মূল সাংবিধানিক মূল্যবোধগুলির উপর একটি টীকা লেখো। (Write a note on the core constitutional values as mentioned in the Indian Constitution.)

(খ) ভারতের সংবিধানে বর্ণিত মৌলিক অধিকারগুলির বৈশিষ্ট্য আলোচনা করো। (Discuss the features of the Fundamental Rights of the Indian Constitution.)

Edubitan

### মডিউল - ২

**২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও (৪০০ শব্দের মধ্যে): ২৫×১**

(ক) ভারতীয় সংবিধানে বর্ণিত মৌলিক কর্তব্যগুলি 'ভালো নাগরিক' তৈরির মূল্যবান নির্দেশিকা হিসেবে কাজ করে। উক্তিটি ব্যাখ্যা করো। (The Fundamental Duties in the Indian Constitution act as valuable guidelines in the making of 'good citizen'. Explain the statement.)

(খ) ভারতীয় সংবিধানে প্রদত্ত মৌলিক কর্তব্যসমূহের আইনগত মর্যাদা সম্পর্কে একটি টীকা লেখো। (Write a note on the legal status of the Fundamental Duties provided by the Indian Constitution.)

# সমাপ্ত

Edubitan